NEW YORK STATE | Department of Health

COVID-19 জনস্বাস্থ্য জরুরী অবস্থার সময় শিশু পরিচর্যা এবং ডে ক্যাম্প প্রোগ্রামের জন্য অন্তর্বর্তীকালীন নির্দেশিকা

আপনি এই নথিটি পরে আপনি নীচে নিশ্চিত করতে পারেন।

26 জুন 2020 এর হিসেবে

উদ্দেশ্য

COVID-19 জনস্বাস্থ্য জরুরী অবস্থার সময় শিশু পরিচর্যা এবং ডে ক্যাম্প প্রোগ্রামের জন্য অন্তর্বর্তীকালীন নির্দেশিকা ("চাইল্ড কেয়ার অ্যান্ড ডে ক্যাম্প প্রোগ্রামের জন্য অন্তর্বর্তীকালীন COVID-19 গাইডেন্স") তৈরি করা হয়েছে চাইল্ড কেয়ার অ্যান্ড ডে ক্যাম্প প্রোগ্রামের মালিক/পরিচালকদের এবং তাদের কর্মচারী, পিতা-মাতা/অভিভাবক এবং দর্শনার্থীদের COVID-19 এর বিস্তারের বিরুদ্ধে সতর্কতা নেওয়ার জন্য।

এই নির্দেশিকা শুধুমাত্র ডে চাইল্ড কেয়ার এবং ক্যাম্প প্রোগ্রামের ক্ষেত্রে প্রযোজ্য। এটি রাত্রিকালীন চাইল্ড কেয়ার এবং ক্যাম্প প্রোগ্রাম অন্তর্ভুক্ত করে না, যা এই সময়ে পরিচালনা করার অনুমতি নেই।

এই নির্দেশিকাগুলি কেবলমাত্র ন্যূনতম প্রয়োজনীয়তা এবং নিয়োগকর্তা অতিরিক্ত সতর্কতা এবং নিষেধাজ্ঞা জারি করতে পারেন। এই নির্দেশিকা প্রকাশনার সময় সর্বাধিক পরিচিত জনস্বাস্থ্যের অনুশীলনের উপর ভিত্তি করে তৈরি করা, এবং যে দলিলের উপর এই নির্দেশিকা ভিত্তি করে তা ঘন ঘন পরিবর্তিত হতে পারে এবং হয়ে থাকে। দায়বদ্ধ পক্ষগুলি - যেমন নীচে সংজ্ঞায়িত করা হয়েছে - শিশু পরিচর্যা এবং দিবসকালীন ক্যাম্প কর্মসূচী সংক্রান্ত সমস্ত স্থানীয়, রাজ্য এবং যুক্তরাষ্ট্রীয় প্রয়জনীয়তা মেনে চলার ক্ষেত্রে দায়ী। এছাড়াও দায়বদ্ধ পক্ষগুলি এই প্রয়োজনীয়তার যে কোনো আপডেটের সাথে হালনাগাদ থাকার জন্য দায়বদ্ধ, সেই সাথে যে কোনো ক্রিয়াকলাপ এবং/অথবা সাইট নিরাপত্তা পরিকল্পনায় এগুলি অন্তর্ভুক্ত করার জন্য।

পটভূমি

7ই মার্চ, 2020 তারিখে, গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো COVID-19 এর পরিপ্রেক্ষিতে একটি জরুরি অবস্থা ঘোষণা করে নির্বাহী আদেশ 202 জারি করেন। সমগ্র নিউইয়র্ক জুড়ে COVID-19 এর কমিউনিটি ট্রান্সমিশন ঘটেছে। আরো ছড়িয়ে পড়া হ্রাস করতে, যেখানে সম্ভব, ব্যক্তিদের মধ্যে অবশ্যই অন্তত 6 ফুটের সামাজিক দূরত্ব বজায় রাখতে হবে।

20 মার্চ 2020 তারিখে গভর্নর কুওমো নির্বাহী আদেশ 202.6 জারি করেন, যাতে সমস্ত গৌণ ব্যবসাগুলিকে দপ্তরের ভিতরে বসে কাজ করা বন্ধ রাখার নির্দেশ দেওয়া হয়। অত্যাবশ্যকীয় ব্যবসা, যেভাবে এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট কর্পোরেশনের (Empire State Development Corporation, ESD) নির্দেশিকা দ্বারা সংজ্ঞায়িত করা হয়েছে, সেগুলির পরিচালনবিধি সশরীরে উপস্থিতির নিষেধাজ্ঞার শর্তাবলীর আওতার মধ্যে রাখা হয়নি কিন্তু নিউ ইয়র্ক স্টেট স্বাস্থ্য দপ্তরের (Department of Health, DOH) দ্বারা জারি করা পরিচ্ছন্ন এবং নিরাপদ কাজের পরিবেশ বজায় রাখার জন্য প্রয়োজনীয় পরিচালনবিধি এবং নির্দেশাবলী মেনে চলার নির্দেশ দেওয়া হয়েছে এবং যতটা সম্ভব সামাজিক দূরত্ব বজায় রাখাতে দৃঢ়ভাবে অনুরোধ করা হয়েছে। ESD চাইল্ড কেয়ারকে একটি অপরিহার্য সেবা হিসেবে মনোনীত করেছে।

12ই এপ্রিল, 2020 তারিখে, গভর্নর কুওমো সমস্ত অত্যাবশ্যকীয় ব্যবসায়ীক প্রতিষ্ঠানকে তার কর্মীদের, যারা কর্মস্থলে উপস্থিত আছেন, তাদের বিনামূল্যে মুখের আচ্ছাদন প্রদান করতে হবে, যা তাদের কাজের সময় জনসাধারণ বা গ্রাহকদের সঙ্গে সরাসরি সংযোগ ঘটার সময় অবশ্যই ব্যবহার করতে হবে, এই মর্মে নির্বাহী আদেশ 202.16 জারি করেছিলেন। 15 এপ্রিল 2020 তারিখে গভর্নর কুওমো নির্বাহী আদেশ 202.17 জারি করেছেন যা দুই বছরের বেশি বয়সী এবং চিকিৎসাগতভাবে মুখের আবরণ সহণ করতে সক্ষম সকলকে একটি সর্বজনীন স্থানে এবং যখন সামাজিক দূরত্ব বজায় রাখা সম্ভব নয়, বা যখন সামাজিক দূরত্ব বজায় রাখছেন না, তখন তাদের নাক ও মুখ একটি মাস্ক অথবা কাপড়ের তৈরি মুখের আবরণ দিয়ে ঢাকার জন্য নির্দেশ দেয়। 16 এপ্রিল 2020 তারিখে গভর্নর কুওমো নির্বাহী আদেশ 202.18 জারি করেন যা সরকারী এবং বেসরকারী পরিবহণ বা অন্যান্য ভাড়ার পরিবহণ ব্যবহার করার সময়, দুই বছরের বেশি বয়সের এবং চিকিৎসাগতভাবে একটি মুখের আবরণ সহণ করতে সক্ষম সকল মানুষকে অবশ্যই কোন যাত্রার সময় তাদের নাক এবং মুখের উপর একটি মাস্ক অথবা মুখের আবরণ পরার নির্দেশ দেয়। এছাড়াও সরকারি বা বেসরকারি পরিবহনের যে কোন পরিচালক বা চালককে একটি মুখের আবরণ বা মাস্ক যা তাদের নাক এবং মুখ ঢেকে রাখে, টা পরার নির্দেশ দেয় যখন তেমন কোন গাড়িতে কোন যাত্রী থাকে। 29 মে 2020 তারিখে গভর্নর কুওমো নির্বাহী আদেশ 202.34 জারি করেন, যা ব্যবসার পরিচালক/মালিকদের সেই সব মানুষের প্রবেশাধিকার প্রত্যাহার করার অধিকার অনুমোদন করে, যারা মুখ ঢেকে রাখা বা মাস্ক সংক্রান্ত বাধ্যবাধকতা মেনে চলতে ব্যর্থ হন। এভাবে, শিশু পরিচর্যা এবং দিবসকালীন ক্যাম্পের কর্মীদের বাধ্যতামূলকভাবে যত্ন বা শিশুদের সাথে আলাপচারিতা করার সময় সর্বক্ষণ মুখাবরণ ব্যাবহার করতে হবে। এটা সকলপ্রকার পন্থাগুলির ক্ষেত্রে প্রযোজ্য, এমনকি যারা তাদের নিজস্ব বাসভবনে যত্ন প্রদান করছেন।

26শে এপ্রিল, 2020 তারিখে গভর্নর কুওমো ঘোষণা করেন যে তথ্য-পরিচালিত, আঞ্চলিক বিশ্লেষণে পর্যায় ভিত্তিতে নিউইয়র্কে শিল্প এবং ব্যবসা পুনরায় খোলার ব্যাপারে পর্যায় ভিত্তিক দৃষ্টিভঙ্গি গ্রহণ করা হবে। 4 মে 2020 তারিখে গভর্নর ব্যবস্থা করেন যে নতুন COVID-19 সংক্রমণ জনসাস্থ পরিষেবা লক্ষণ ভিত্তিক পরীক্ষা এবং কন্টাক্ট ট্রেসিং সহ জনস্বাস্থ্যের বিভিন্ন দিক মাথায় রেখে আঞ্চলিক বিশ্লেষণটি করা হবে। 11 মে, 2020-এ, গভর্নর কুওমো ঘোষণা করেন যে, নিউ ইয়র্কের বেশ কিছু অঞ্চলে 15 মে, 2020-এর প্রথম পর্যায় শুরু হবে, যা উপলভ্য আঞ্চলিক মেট্রিক্স এবং সূচকের উপর ভিত্তি করে। 29 মে 2020 তারিখে গভর্নর কুওমো ঘোষণা করেন যে রাজ্যের বিভিন্ন অঞ্চলে পুনরায় চালু হওয়ার দ্বিতীয় পর্যায় শুরু করা হবে, এবং একটি নতুন প্রারম্ভিক সতর্কীকরণ ড্যাশবোর্ড ব্যবহার করার কথা ঘোষণা করেন যা নিউ ইয়র্কবাসীদের, সরকারী কর্মকর্তা, এবং বিশেষজ্ঞদের জন্য রাজ্যের বিস্তৃত তথ্য সংগ্রহের প্রচেষ্টাকে একত্রিত করবে যাতে নিরাপদে পুনরায় চালু হওয়া নিশ্চিত করার জন্য ভাইরাসটি কিভাবে সংবরণ করা হচ্ছে তা পর্যবেক্ষণ এবং পর্যালোচনা করা যায়। 2 জুন 2020 তারিখে গভর্নর কুওমো ঘোষণা করেন যে 29 জুন 2020 তারিখে সারা রাজ্য জুড়ে গ্রীষ্মকালীন ডে ক্যাম্পগুলি খোলা যাবে।

গুরুত্বপূর্ণ টিকা: অল্পবয়স্ক শিশু/ক্যাম্পারদের (অর্থাৎ, যারা এখনো কিন্ডারগার্টেনে নেই) শিশু পরিচর্যা বা দিবসকালীন ক্যাম্প প্রতিষ্ঠান বা এলাকায় থাকাকালীন সময়ে মুখাবরণ পরার প্রয়োযনীয়তা নেই। বয়োজ্যেষ্ঠ শিশু/ক্যাম্পারদের উৎসাহিত করা হচ্ছে, কিন্তু তাদের মুখাবরণ পরার আবশ্যিকতা নেই। 2 বছরের কম বয়সী শিশু, অথবা যারা চিকিৎসাগতভাবে অক্ষম, যার মধ্যে শিশু/ক্যাম্পারেরা অন্তর্ভুক্ত রয়েছে, যাদের পক্ষে এইধরনের আবরণ তাদের দৈহিক বা মানসিক স্বাস্থের ক্ষতিসাধন অথবা কঠিনত্ব, অন্যমনস্কতা, অথবা বাধার পরিস্থিতি তৈরি করতে পারে, তাদের মুখাবরণ ব্যবহার করা উচিত নয়।

উপরন্তু, বাইরের স্থান যা কিনা শিশু পরিচর্যা কর্মসূচী বা দিবসকালীন ক্যাম্পের অধিকারপ্রাপ্ত এবং/অথবা একান্তভাবে ব্যবহৃত হয়, এই নির্দেশিকার ক্ষেত্রে সেইসব স্থানগুলি সার্বজনীন স্থানরূপে গন্য করা হবে না। শিশু পরিচর্যা কর্মসূচী বা দিবসকালীন ক্যাম্পের অধিকারপ্রাপ্ত এবং/অথবা একান্তভাবে ব্যবহৃত বাইরের স্থানগুলি ব্যাবহার করার সময় শিশু/ক্যাম্পারদের মুখাবরণ পরার প্রয়োজন নেই। যেইসব শিশু পরিচর্যা কর্মসূচী এবং দিবসকালীন ক্যাম্পগুলির কাছে

পূল উপলব্ধ রয়েছে, তাদের রাজ্য এবং ডিওএইচ-এর স্যুইমিং পূল সংক্রান্ত নির্দেশিকা বাধ্যতামূলকভাবে পালন করতে হবে।

নিম্নলিখিত পরিমাপগুলি ছাড়াও শিশু পরিচর্যা কর্মসূচী এবং দিবসকালীন ক্যাম্পগুলির মালিক/পরিচালকদের পরিচ্ছন্ন এবং সুরক্ষিত কর্ম-পরিবেশ বজায় রাখার জন্য স্বাস্থ্য দপ্তরের (Department Of Health, DOH) এর জারি করা নির্দেশিকা এবং নিয়মাবলী পালন করে যেতে হবে।

অনুগ্রহ করে লক্ষ্য করুন যে যেখানে এই নথিতে নির্দেশিকা নিউ ইয়র্ক স্টেট দ্বারা জারি করা নির্দেশিকা থেকে আলাদা, অথবা সংশ্লিষ্ট লাইসেন্সিং বা তত্বাবধায়ক সংস্থা, যেমন নিউ ইয়র্ক স্টেট অফিস অফ চিলড্রেন অ্যান্ড ফ্যামিলি সার্ভিসেস (ওসিএফ), ডিওএইচ, অথবা নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অফ হেল্‌থ এন্ড মেন্টাল হাইজিন, আরো সাম্প্রতিক নির্দেশিকা প্রযোজ্য হবে।

নিউ ইয়র্ক স্টেটে পরিচালিত দায়িত্বশীল চাইল্ড কেয়ার এন্ড ডে ক্যাম্প প্রোগ্রামের মান:

আমেরিকানস উইথ ডিজাবিলিটিজ অ্যাক্ট (Americans with Disabilities Act, ADA), সেন্টার্স ফর ডিজিজ কন্ট্রোল অ্যান্ড প্রিভেনশন (Centers for Disease Control and Prevention, CDC), এনভায়রনমেন্ট প্রোটেকশন এজেন্সি (Environmental Protection Agency, EPA) এবং মার্কিন যুক্তরাষ্ট্রের শ্রম বিভাগের অকুপেশনাল সেফটি অ্যান্ড হেলথ অ্যাডমিনিস্ট্রেশন (Occupational Safety and Health Administration, OSHA)-এর অনুরূপ ন্যূনতম রাজ্যের মান, এবং প্রযোজ্য ফেডারেল শর্তাবলী, তবে তার মধ্যেই সীমাবদ্ধ নয়, এগুলি না পূরণ করে কোনো চাইল্ড কেয়ার বা ডে ক্যাম্প পরিচালিত হতে পারবে না।

এই নির্দেশিকার মধ্যে থাকা রাজ্যের মান COVID-19 জনস্বাস্থ্যের জরুরী অবস্থার সময় পরিচালিত চাইল্ড কেয়ার এবং ডে ক্যাম্প প্রোগ্রামগুলির ক্ষেত্রে প্রযোজ্য যতক্ষণ না রাজ্য কর্তৃক বাতিল বা সংশোধন করা হয়। চাইল্ড কেয়ার বা ডে ক্যাম্পের মালিক/অপারেটর/ম্যানেজার, অথবা অন্য কোন পক্ষ, যাকে চাইল্ড কেয়ার বা ডে ক্যাম্পের মালিক/অপারেটর/ম্যানেজার মনোনীত করবেন (উভয় ক্ষেত্রে "দায়বদ্ধ পক্ষ"), তিনি এই মান পূরণের জন্য দায়ী থাকবেন।গুলি পূরণ করার জন্য দায়ী থাকবেন।

নিম্নলিখিত নির্দেশিকাটি তিনটি স্বতন্ত্র বিভাগ নিয়ে সংগঠিত: মানুষ, স্থান এবং প্রক্রিয়াসমূহ।

I. মানুষ

A. শারীরিক দূরত্ব

- দায়বদ্ধ পক্ষগুলির সুনিশ্চিত করা উচিৎ যে তাদের কর্মীরা একে অপরের থেকে অন্ততঃ ছয় ফুটের দূরত্ব বজায় রাখছেন, যদি না সুরক্ষা বা মূল কাজকর্মের জন্য কম দূরত্ব বজায় রাখতে হয় (উদাহরণস্বরূপ, যৌথভাবে একটি শিশুর দেখাশোনা করা অথবা ক্যাম্পারের প্রয়োজনে সাড়া দেওয়া)। কিন্তু, যে কোনো সময় কর্মীরা যখন 6 ফুটের কম দূরত্বে থাকবেন পরস্পরের থেকে, তখন তাদের গ্রহণযোগ্য মুখের আবরণ পরতে হবে।
    - COVID-19 এর জন্য গ্রহণযোগ্য মুখের আবরণগুলিতে কাপড়-ভিত্তিক মুখের আবরণ এবং নিষ্পত্তিযোগ্য মাস্কগুলি অন্তর্ভুক্ত যা মুখ এবং নাক উভয়ই ঢেকে রাখে, কিন্তু তাতে সীমাবদ্ধ নয়।
    - তবে, যে কাজের প্রকৃতির কারণে কর্মস্থানের ক্রিয়াকলাপগুলির জন্য সাধারণত ব্যক্তিগত সুরক্ষামূলক সরঞ্জাম (PPE) এর মাধ্যমে উচ্চতর মাত্রায় সুরক্ষা প্রয়োজন হয়, সেখানে সাধারণত কাপড়ের, নিষ্পত্তিযোগ্য বা ঘরে তৈরি অন্যান্য মুখের আবরণ গ্রহণযোগ্য মুখের আবরণ নয়। সেই ক্রিয়াকলাপগুলির জন্য, পেশাগত নিরাপত্তা ও

স্বাস্থ্য প্রশাসন (Occupational Safety and Health Administration, OSHA) নির্দেশিকা অনুসারে সংজ্ঞায়িত বিদ্যমান শিল্প মানের অধীনে ব্যবহৃত N95 রেস্পিরেটর বা অন্যান্য ব্যক্তিগত সুরক্ষামূলক সরঞ্জাম (PPE) ব্যবহার করা চালিয়ে যাওয়া উচিত।

- দায়বদ্ধ পক্ষগুলিকে বাধ্যতামূলকভাবে সুনিশ্চিত করতে হবে যাতে কর্মীরা শিশু বা ক্যাম্পারদের সাথে আলাপচারিতা করার সময় দূরত্বের কথা মাথায় না রেখে সবসময় মুখাবরণ পরে।
- দায়বদ্ধ পক্ষগুলিকে অবশ্যই নিশ্চিত করতে হবে যে কর্মচারী এবং শিশু/ক্যাম্পার গ্রুপিংগুলি যতটা সম্ভব স্থির থাকে, যখন এবং যেখানে সম্ভব একই গ্রুপের শিশু/ক্যাম্পাররা একই কর্মচারীদের সাথে রেখে। গ্রুপ সাইজ অবশ্যই পনেরোটি (15) শিশু বা ক্যাম্পারের মধ্যে সীমাবদ্ধ থাকতে হবে। গ্রুপ সাইজের উপর নিষেধাজ্ঞা কর্মচারী/কর্মচারীদের ক্ষেত্রে প্রযোজ্য নয় ।
  - দায়বদ্ধ পক্ষগুলিকে যে কোন নির্দিষ্ট সময়ে একটি নির্দিষ্ট এলাকায় (উদাহরণস্বরূপ ঘর) কর্মচারী/কর্মী ব্যতীত, গ্রুপগুলিকে 15 বা তার কম শিশু/ক্যাম্পারের মধ্যে সীমাবদ্ধ করতে হবে।
  - দায়বদ্ধ পক্ষগুলিকে নিশ্চিত করতে হবে যে 15 জন পর্যন্ত শিশু/ক্যাম্পারের বিভিন্ন স্থিতিশীল গ্রুপগুলির একে অপরের সাথে কোন যোগাযোগ যেন না থাকে বা ন্যূনতম যোগাযোগ থাকে অথবা একই সময়ে সাধারণ স্থান ব্যবহার না করেন যতটা সম্ভব।
  - একটি কর্মী নিয়োগের পরিকল্পনা বজায় রাখুন যা কর্মীদের বিভিন্ন শ্রেণীকক্ষ বা শিশুদের গ্রুপের মধ্যে "ভাসমান" অবস্থায় না থাকতে হয়, যদি না অপ্রত্যাশিত পরিস্থিতির কারণে শিশু/ক্যাম্পারদের নিরাপদে তত্ত্বাবধান করার জন্য তার প্রয়োজন হয় (উদাহরণস্বরূপ কর্মীদের অনুপস্থিতি)।
  - যদি দায়বদ্ধ পক্ষগুলো যদি শিশু/ক্যাম্পারদের বিশ্রামের জন্য সময় বরাদ্দ করে (যেমন, ঘুমের সময়), তাহলে দায়বদ্ধ পক্ষগুলোর উচিত বিশ্রামের সময়কালে শিশু/ক্যাম্পারদের অন্তত ছয় ফুট ব্যবধানে এবং একজনের মাথার দিকে একজনের পা দিয়ে শোয়ানো।
- দায়বদ্ধ পক্ষগুলি কর্ম এলাকা ও কর্মচারীর বসার এলাকার সংখ্যার ব্যবহার পরিবর্তন এবং/অথবা সীমাবদ্ধ করতে পারেন, যাতে ব্যক্তিগণ সব দিক থেকে অন্তত ছয় ফুট দূরত্বে থাকেন (যেমন-পাশে এবং যখন একে অপরের মুখোমুখি হয়) এবং পরিষ্কার এবং জীবাণুমুক্ত না করে কর্ম ক্ষেত্র শেয়ার করছেন না। যখন কর্মক্ষেত্রের মধ্যে দূরত্ব বজায় রাখা সম্ভব নয়, তখন দায়বদ্ধ পক্ষগুলোকে বাধ্যতামূলকভাবে মুখের আবরণ বা শারীরিক বেড় (যেমন, মুখাবরণের পরিবর্তে প্লাস্টিক শীল্ডিং দেওয়াল, যেখানে তারা বায়ু চলাচল এবং তাপমাত্রাকে প্রভাবিত করবে না) প্রদান ও ব্যবহার করা বাধ্যতামূলক করতে হবে।
  - ব্যবহার করা হলে, OSHA নির্দেশাবলী অনুযায়ী শারীরিক প্রতিবন্ধকতা স্থাপন করা উচিত।
  - শারীরিক প্রতিবন্ধকের বিকল্পের মধ্যে অন্তর্ভুক্ত থাকতে পারে: স্ট্রিপ পর্দা, প্লেক্সিগ্লাস বা অনুরূপ উপকরণ, বা অন্যান্য অভেদ্যঅর্ভেদ্য বিভাজক বা পার্টিশন।
  - শেয়ারকৃত ওয়ার্কস্টেশন (যেমন "হট-ডেস্ক") অবশ্যই পরিষ্কার এবং জীবাণুমুক্তকরণমুক্ত করতে হবে ব্যবহারকারী পরিবর্তন হওয়ার মধ্যবর্তী সময়ে।

- দায়বদ্ধ পক্ষগুলির একসাথে একাধিক ব্যক্তি দ্বারা ছোট জায়গার (যেমন ফ্রিজার বা স্টোরেজ রুম, যানবাহন, রান্নাঘর, বাথরুম) ব্যবহার নিষিদ্ধ করা উচিত, যদি না সেখানে একই সময় সমস্ত কর্মীরা গ্রহণযোগ্য মুখের আবরণ পরে থাকেন। তবে, মুখের আবরণ ব্যবহার করা সত্ত্বেও, দখলকারীর সংখ্যা কখনই স্থানের বা যানের সর্বাধিক ধারণক্ষমতার 50% অতিক্রম করতে পারবে না, যদি না সেটি একক দখলকারীর ব্যবহারের জন্য তৈরি করা হয়ে থাকে। দায়িত্বশীল দলগুলোর উচিত বাইরের বাতাসের সাথে ভেন্টিলেশন বাড়ানো যতটা সম্ভব, যদি না

এই ধরনের বায়ু সঞ্চালন কোন নিরাপত্তা বা স্বাস্থ্যের ঝুঁকি বহণ করে (উদাহরণস্বরূপ, পরাগরেণু ঢোকা বা হাঁপানির উপসর্গ বাড়িয়ে তোলা) শিশু বা ক্যাম্পারদের জন্য যারা এই ফেসিলিটি ব্যবহার করছেন।

- দায়বদ্ধ পক্ষগুলোর উচিত লিফ্টের জন্য অপেক্ষার জায়গায় সমাবেশ প্রতিরোধ এবং লিফ্টের জনঘনত্ব সীমিত করার জন্য সিঁড়ি ব্যবহারের মত অতিরিক্ত ব্যবস্থা গ্রহণ করা।

- দায়বদ্ধ পক্ষগুলিকে সরু গলি, হলওয়ে বা ফাঁকা জায়গাগুলিতে টেপ বা চিহ্ন ব্যবহার করে উভমুখী হেঁটে চলা ট্রাফিক হ্রাস করার জন্য ব্যবস্থা গ্রহণ করা উচিত, এবং সমস্ত সচরাচর ব্যবহৃত অঞ্চলে এবং যে কোনো অঞ্চল যেখানে সারিবদ্ধ হওয়ার সম্ভাবনা বেশী বা মানুষ জমায়েত হতে পারে (যেমন ড্রপ করার সময় বা পিকাপের সময় বড় আকারের ফেসিলিটির ভেস্টিবিউলগুলি), সেখানে ছয় ফুটের দূরত্ব চিহ্নিত করে সংকেত স্থাপন করতে হবে।

- দায়বদ্ধ পক্ষগুলোর উচিত কর্মী এবং বাবা-মা/অবিভাবকদের মধ্যে কঠোর সামাজিক দূরত্ব শিশু/ক্যাম্পারদের দিয়ে আসা ও নিয়ে যাওয়ার ক্ষেত্রে বিশেষ ব্যাবস্থা গ্রহন করতে হবে।
  - বাবা-মা/অভিভাবকদের শিশু পরিচর্যা অথবা দিবসকালীন ক্যাম্প প্রতিষ্ঠানে অতিরিক্ত সময়যাপন করার অনুমতি নেই।

- দায়বদ্ধ পক্ষগুলোর আসার এবং যাওয়ার সময় আগিয়ে বা পিছিয়ে দেওয়ার কথা বিবেচনা করা উচিৎ।
  - দায়বদ্ধ পক্ষগুলির উচিৎ যখনই সম্ভব, কর্মীদের দিয়ে দিনের শুরুতে পিতামাতা/ অভিভাবকের কাছ থেকে শিশু বা ক্যাম্পারকে গ্রহণ করানো এবং দিনের শেষে শিশু/ক্যাম্পারকে পিতামাতা/অভিভাবকের কাছে নিয়ে যাওয়া, যাতে বাবা-মা/অভিভাবকদের ফেসিলিটিতে বা প্রোগ্রাম এলাকায় প্রবেশ করতে না হয়।

- দায়বদ্ধ পক্ষগুলিকে যে কোন সময় ফেসিলিটিতে বা প্রোগ্রাম এলাকায় পিতামাতা/অভিভাবকের সংখ্যা সীমিত করার কৌশল উন্নয়ন করা উচিত।

- দায়বদ্ধ পক্ষগুলিকে স্বাস্থ্য বিভাগ এর COVID-19 সাইনেজের সাথে সামঞ্জস্যপূর্ণ সাইন অবশ্যই স্থাপন করতে হবে। দায়বদ্ধ পক্ষগুলো তাদের নির্দিষ্ট কর্মক্ষেত্র বা স্থানের জন্য নিজস্বকৃত সংকেত তৈরি করতে পারে, যদি এই ধরনের সংকেত বিভাগের সংকেতের সাথে সামঞ্জস্যপূর্ণ হয়। ব্যক্তিবর্গকে এগুলি সম্পর্কে স্মরণ করিয়ে দিতে সাইনেজ ব্যবহার করা উচিত:
  - তাদের নাক এবং মুখ একটি মাস্ক বা কাপড়ের তৈরি মুখের আবরণ দিয়ে ঢেকে রাখা।
  - ব্যক্তিগত প্রতিরক্ষামূলক সরঞ্জাম, PPE, সঠিকভাবে রাখা এবং যখন প্রয়োজন, তা বাতিল করা।
  - শারীরিক দূরত্বের নির্দেশাবলী মেনে চলা।
  - COVID-19 এর উপসর্গ বা সংক্রমণের প্রতিবেদন করা, এবং কিভাবে এটি করা উচিত।
  - হাতের পরিচ্ছন্নতা এবং পরিষ্কার এবং জীবানুমুক্তকরণের নির্দেশিকা অনুসরণ করুন।
  - যথাযথ শ্বাস-প্রশ্বাসের পরিচ্ছন্নতা এবং কাশি সংক্রান্ত শিষ্টাচার অনুসরণ করুন।

B. আপনার অল্প বয়স্ক শিশুদের যত্ন নেওয়া

- ছোট শিশুদের দেখাশোনা করার সময় সামাজিক দূরত্ব বজায় রাখা সম্ভব নয় তা স্বীকার করে, দায়বদ্ধ পক্ষগুলোকে অবশ্যই তাদের কর্মী/কর্মচারীদের জন্য সতর্কতামূলক ব্যবস্থা গ্রহণ করতে হবে যারা COVID-19 প্রাদুর্ভাবের সময় ছোট শিশু এবং ক্যাম্পারদের দেখাশোনা করেন, যার মধ্যে রয়েছে:
    - কর্মী এবং শিশু/ক্যাম্পার উভয়ের জন্য ঘন ঘন এবং পুঙ্খানুপুঙ্খভাবে হাতের পরিচ্ছন্নতা।
    - একটি বেশি বড় বোতাম দেওয়া, লম্বা হাতার জামা বা স্মক পরুন এবং একটি লম্বা চুল পনিটেল বা অন্য কেশ বিন্যাসের মাধ্যমে কলার থেকে চুল সরিয়ে রাখুন। শার্ট এবং স্মক ব্যবহারের পর বা যখনই ময়লা হবে তখন ধুয়ে ফেলা উচিত।
    - একটি শিশুর নিঃসরণ (লালা সহ) দ্বারা ময়লা হলে, কর্মীদের সেই বোতাম-দেওয়া শার্ট বা কুঁচি দেওয়া পোশাক পরিবর্তন করা উচিত এবং শিশুর নিঃসরণের সংস্পর্শে আসা যেকোনো জায়গা ধুয়ে দেওয়া উচিত (যেমন গলা বা হাত)।
    - যখনই কোনো শিশু শারীরিক নিঃস্বরন দ্বারা ময়লা হয়ে যায়, তখন প্রয়োজন হিসাবে শিশুটির কাপড় পরিবর্তন করুন, শিশুটিকে পরিষ্কার করুন (যেমন হাত ও বাহু ধুয়ে দেওয়া)।
        - চাইল্ড কেয়ার বা ডে ক্যাম্প কার্যক্রমে থাকা শিশুদের জন্য কার্যক্রম ফ্যাসিলিটি বা এলাকায় পোশাক পরিবর্তনের একাধিক বিকল্প থাকা উচিৎ। যেই শিশুদের অতিরিক্ত পোশাক নেই বা যাদের অতিরিক্ত পোশাক ব্যবহার করা হয়ে গেছে, দায়বদ্ধ পক্ষগুলোর সেই শিশুদের জন্য অতিরিক্ত পোশাক পরিবর্তনের ব্যবস্থা করার প্রচেষ্টা করা উচিত, যতটা সম্ভব।
        - দূষিত কাপড়গুলি একটি প্লাস্টিকের ব্যাগে রাখা উচিত এবং ধোয়ার জন্য বাড়ি পাঠানো উচিত, অথবা যেখানে প্রযোজ্য, প্রাঙ্গণে ধুয়ে ফেলা উচিত।
    - যখন ডায়াপারিং/টয়লেটে সহায়তা প্রদান করবেন, তখন গ্লাভস পরুন, হাত ধোবেন (কর্মচারী এবং শিশু), এবং প্রতিটি শিশুর জন্য পরিষ্কার এবং জীবানুমুক্তকরণের ধাপগুলি অনুসরণ করুন।
        - CDC-র নির্দেশিকা, "চাইল্ড কেয়ারের জন্য সম্পূরক নির্দেশিকা" দেখুন অতিরিক্ত তথ্যের জন্য।

C. চাইল্ড কেয়ার প্রোগ্রাম এবং ক্যাম্প সংক্রান্ত ক্রিয়াকলাপ

- দায়বদ্ধ পক্ষগুলোর সকল চাইল্ড কেয়ার এবং ক্যাম্প কার্যক্রম ফ্যাসিলিটি এবং এলাকায় সামাজিক দূরত্ব (অর্থাৎ ন্যূনতম ব্যক্তির সাথে ব্যক্তির যোগাযোগ) সর্বোচ্চ করা কার্যক্রমের ক্রিয়াকলাপগুলিকে অগ্রাধিকার দেওয়া উচিৎ।
- পুল এবং জলজ কার্যকলাপের জন্য, দায়বদ্ধ পক্ষগুলিকে অবশ্যই:
    - নিশ্চিত করুন যে পানিতে থাকাকালীন মুখের আবরণ যেন না পরা হয়;
    - শিশু/ক্যাম্পারদের স্থিতিশীল গ্রুপগুলি পৃথক রাখুন;
    - যেখানে কর্মীদের শিশু/ক্যাম্পারদের সাথে জলে থাকতে হবে, সেগুলির বদলে এমন জলের কার্যকলাপগুলি উৎসাহিত করুন যেখানে কর্মীরা জলে না থাকা সত্ত্বেও জলে বড়ো শিশু/ক্যাম্পারদের নিরাপদে তত্ত্বাবধান করতে পারবেন;
    - যথাযথ সামাজিক দূরত্ব বজায় রাখা নিশ্চিত করা, যতটা সম্ভব; এবং
    - পরিষ্কার করার এবং জীবানুমুক্ত করার প্রোটোকল বৃদ্ধি করুন;

- CDC-র নির্দেশিকা, "COVID-19 এর সময় পাবলিক পুল, হট টব এবং পানির খেলার মাঠের জন্য বিবেচনা" (Considerations for Public Pools, Hot Tubs, and Water Playgrounds During COVID-19) রেফার করুন অতিরিক্ত তথ্যের জন্য।

- খেলাধুলা এবং ক্রীড়া সংক্রান্ত ক্রিয়াকলাপের জন্য, দায়বদ্ধ পক্ষগুলিকে অবশ্যই:
    - শিশু/ক্যাম্পারদের স্থিতিশীল গ্রুপগুলি পৃথক রাখুন;
    - সামান্য বা কোন শারীরিক সংস্পর্শ ছাড়া কার্যকলাপের উপর মনোযোগ দিন (উদাহরণস্বরূপ দৌড়ানো বা হাইকিং);
        - যে খেলাধুলায় ঘনিষ্ঠ যোগাযোগ বা শেয়ার করা সরঞ্জাম এবং গিয়ার জড়িত, যা ব্যবহারের মধ্যবর্তী সময় পরিষ্কার বা জীবাণুমুক্ত করা যায় না, সেগুলির চেয়ে এমন খেলাধুলা উৎসাহিত করুন যেখানে শারীরিক ঘনিষ্ঠতার প্রয়োজন কম।
        - যেখানে ঘনিষ্ঠ, উচ্চ ঝুঁকিপূর্ণ যোগাযোগের সম্ভাবনা থাকে, যেমন খেলা, সেগুলির বদলে কম ঝুঁকিপূর্ণ কার্যকলাপগুলি উৎসাহিত করুন, যেমন ব্যক্তিগতভাবে বা ছোট গ্রুপে দক্ষতা-নির্মাণ এবং প্রশিক্ষণ।
    - পরিষ্কার করার এবং জীবানুমুক্ত করার প্রোটোকল বৃদ্ধি করুন;
        - CDC-র নির্দেশিকা, "যুব ক্রীড়ার জন্য বিবেচনা" (Considerations for Youth Sports) দেখুন অতিরিক্ত তথ্যের জন্য।

- খাদ্য পরিষেবার জন্য, দায়বদ্ধ পক্ষগুলিকে অবশ্যই:
    - শিশু/ক্যাম্পারদের স্বতন্ত্র খাদ্যের অংশ পরিবেশন করতে হবে;
    - শিশু/ক্যাম্পারদের স্থিতিশীল গ্রুপগুলি পৃথক রাখুন;
    - একটি আভ্যন্তরীণ স্থানে জায়গা দখল করা অথবা একটি বহিরঙ্গনের এলাকাতে একত্রিত হওয়া হ্রাস করতে খাবার সময় আগু-পিছু করার কথা বিবেচনা করুন; এবং
    - অন্যান্য টেবিলের থেকে অন্তত ছয় ফুট ব্যবধানে টেবিলগুলি পৃথক রাখুন যতটা সম্ভব।

- এক্সকারসন এবং ভ্রমণের জন্য, দায়বদ্ধ পক্ষগুলিকে অবশ্যই চাইল্ড কেয়ার বা ডে ক্যাম্প প্রোগ্রাম (উদাহরণস্বরূপ, ফিল্ড ট্রিপ) থেকে দূরে ভ্রমণ নিরুৎসাহিত করতে হবে।
    - কিন্তু যদি পরিবহণের প্রয়োজন হয়, দায়বদ্ধ পক্ষগুলি গাড়িতে শিশুদের স্থিতিশীল গ্রুপ বজায় রাখার জন্য সকল যুক্তিসঙ্গত প্রচেষ্টা করবেন।
        - এমন কোনো পরিস্থিতিতে যেখানে শিশু/ক্যাম্পারদের দলগুলি একটি গাড়ির মধ্যে মিশ্রিত হয়, দায়বদ্ধ পক্ষগুলোকে অবশ্যই নিশ্চিত করতে হবে যে কর্মী এবং শিশু/ক্যাম্পারদের সহ সকল ব্যক্তিদের বসার ব্যবস্থা এমন ভাবে করা হয় যাতে শিশু/ক্যাম্পারদের এবং কর্মীদের বিভিন্ন দলের মধ্যে দূরত্বের বৃদ্ধি হয়।

- দায়বদ্ধ পক্ষগুলোকে নিশ্চিত করতে হবে যে ড্রাইভার, কর্মী এবং দুই বছরের বেশী বয়সী শিশু/ক্যাম্পারদের সহ সকল ব্যক্তি যারা চিকিৎসাগত ভাবে একটি মুখের আবরণ সহ্য করতে সক্ষম, যেন মুখের আবরণ পরিধান করেন।

- দায়বদ্ধ পক্ষগুলিকে নিশ্চিত করতে হবে যে যখন শিশু/ক্যাম্পারেরা গাড়িতে উঠছে, তারা পিছন দিক থেকে শুরু করে সামনের দিকে আসন দখল করছে, যেখানে তা করা সম্ভব।

- দায়বদ্ধ পক্ষগুলির উচিত ড্রাইভার বা কার্যক্রমের পরিচালক/ম্যানেজারের বিবেচনা অনুযায়ী যে কোনো যানবাহনের (যেমন বাসের উপরের হ্যাচ খোলা বা জানালা খোলা) মধ্যে, বায়ুচলাচল বাড়ানো, যখন আবহাওয়া অনুমতি দেয়।

- বৃষ্টির দিনে অথবা প্রচণ্ড ঠান্ডার দিনে, যখন আবহাওয়ার কারণে শিশু/ক্যাম্পারদের দলগুলিকে অবশ্যই ভিতরে বা শেল্টারে থাকতে হবে (যেমন পার্ক প্যাভিলিয়ন), দায়বদ্ধ পক্ষগুলিকে এমন কার্যক্রম বা কার্যকলাপের ধারণক্ষমতা নির্ধারণ করতে হবে যা স্থিতিশীল শিশু/ক্যাম্পারদের দলগুলির মধ্যে যথাযথ সামাজিক দূরত্ব বজায় রাখতে দেয়।

D. আবদ্ধ স্থানে সমাবেশ

- দায়বদ্ধ পক্ষগুলিকে যে কোন সময় একটি নির্দিষ্ট এলাকায়, একটি দল অবশ্যই 15 জন বা তার কম শিশু/ক্যাম্পারদের মধ্যে সীমাবদ্ধ রাখতে হবে, কর্মী/কর্মচারী ব্যতীত।

- 15 জন বা তার কম শিশু/ক্যাম্পারদের মধ্যে ঘরের সামগ্রিক ঘনত্ব সীমিত করার উদ্দেশ্যে স্থান পুনর্বিন্যাসের জন্য দায়বদ্ধ পক্ষগুলিকে যুক্তিসঙ্গত পদক্ষেপ গ্রহণ করতে হবে।

- দায়বদ্ধ পক্ষগুলিকে নিশ্চিত করতে হবে যে 15 জন পর্যন্ত শিশু/ক্যাম্পারের বিভিন্ন স্থিতিশীল গ্রুপগুলির একে অপরের সাথে কোন যোগাযোগ যেন না থাকে বা ন্যূনতম যোগাযোগ থাকে অথবা একই সময়ে সাধারণ স্থান ব্যবহার না করেন যতটা সম্ভব।

- দায়বদ্ধ পক্ষগুলিকে অবশ্যই কর্মীদের সশরীরে সমবেত হওয়া সীমিত করতে হবে (যেমন বিরতি, মিটিং) যত বেশী সম্ভব এবং অন্যান্য পদ্ধতি যেমন ভিডিও বা টেলিকনফারেন্সিং এর মতো পদ্ধতি ব্যবহার করা যখনই সম্ভব, CDC-র নির্দেশিকা "ব্যবসা ও নিয়োগকারীদের জন্য অন্তর্বর্তী নির্দেশিকা করোনাভাইরাস রোগ 2019 (COVID-19) এর বিরুদ্ধে পরিকল্পনা এবং প্রতিক্রিয়ার জন্য" (Interim Guidance for Businesses and Employers to Plan and Respond to Coronavirus Disease 2019) অনুযায়ী। যখন ভিডিওকনফারেন্সিং বা টেলিকনফারেন্সিং সম্ভব নয়, তখন দায়বদ্ধ পক্ষগুলি উন্মুক্ত, ভালভাবে বায়ু চলাচল করে এমন সাথানে মিটিং করা উচিত এবং নিশ্চিত করা উচিত যে ব্যক্তিগণ পরস্পরের মধ্যে ছয় ফুট সামাজিক দূরত্ব বজায় রাখেন (যেমন, চেয়ার থাকলে, চেয়ারের মধ্যে জায়গা ছেড়ে দেওয়া, কর্মীদের একটি করে চেয়ার ছেড়ে বসা)।

- দায়বদ্ধ পক্ষগুলির উচিৎ সশরীরে করা কর্মীদের মিটিং সংক্ষিপ্ত রাখা এবং সামাজিক দূরত্বের নিয়ম মেনে চলার সাথে সাথে অংশগ্রহণকারীদের সংখ্যা হ্রাস করা।

- দায়বদ্ধ পক্ষগুলি অপরিহার্য নয় এমন সুযোগ-সুবিধার এবং সাম্প্রদায়িক এলাকাগুলির অ্যাক্সেস বন্ধ করার কথা বিবেচনা করা যা জন সমাবেশ উৎসাহিত করে অথবা যেগুলি বেশি স্পর্শ করাকে উৎসাহিত করে (যেমন ভেন্ডিং মেশিন, সাম্প্রদায়িক কফি মেশিন)।

- দায়বদ্ধ পক্ষগুলিকে স্বল্প পরিসর এলাকায়, যেমন বিশ্রামকক্ষ এবং ব্রেকরুম-এ পর্যাপ্ত সামাজিক দূরত্বের পালনের ব্যবস্থা করতে হবে, এবং এই ধরনের এলাকায় যখন সামাজিক দূরত্ব রক্ষা করা যাবে না, তখন লোক সমাগম সীমাবদ্ধ রাখার জন্য সাইনেজ এবং সিস্টেম (যেমন ব্যবহৃত হওয়ার চিহ্ন) ব্যবহার করতে হবে; এবং

- দায়বদ্ধ পক্ষগুলির উচিৎ তাদের কর্মীদের যে কোন সমাবেশের জন্য সামাজিক ব্যবধান (অর্থাৎ ছয় ফুট ব্যবধান) পালন করার উদ্দেশ্যে (যেমন কফি পানের বিরতি, খাবার, শিফট শুরু/শেষ হওয়া) সময়সূচী আগু-পিছু করা।

E. কর্মক্ষেত্রের ক্রিয়াকলাপ

- দায়বদ্ধ পক্ষগুলিকে অবশ্যই আন্তঃব্যক্তিগত যোগাযোগ এবং সমাবেশ কমানোর জন্য ব্যবস্থা গ্রহণ করতে হবে, এমন পদ্ধতির মাধ্যমে:
  - সাইটে শুধুমাত্র প্রয়োজনীয় কর্মচারীদের মধ্যেই সশরীরে উপস্থিতি সীমিত করা;
  - কর্মক্ষেত্রের সময় সমন্বয় করা;
  - সামাজিক দূরত্ব নির্দেশিকা বজায় রাখার জন্য অন-সাইট কর্মী হ্রাস করা;
  - শিফটিং ডিজাইন (উদাহরণস্বরূপ A/B দল, আগমন/প্রস্থানের সময় আগু-পিছু করা);
  - যে সব কাজ সামাজিক দূরত্ব বজায় রাখতে দেয় (উদাহরণস্বরূপ ছোট দল/শ্রেণীকক্ষের ক্রিয়াকলাপ) সেগুলিকে অগ্রাধিকার দেওয়া, সেগুলি তা করে না তার উপর (উদাহরণস্বরূপ, একাধিক দল বা শিশুদের বিভিন্ন দলের সাথে জড়িত কার্যকলাপ); এবং/অথবা
  - একটি এলাকায় কর্মরত একাধিক চাইল্ড কেয়ার বা ডে ক্যাম্প দল এড়িয়ে চলা নির্ধারিত কাজের সময়সূচী আগু-পিছু করে এবং দখলকৃত এলাকা নির্দেশ করার জন্য চিহ্ন ব্যবহার করে।

F. চলাচল ও বাণিজ্য

- দায়বদ্ধ পক্ষগুলিকে অবশ্যই সাইটে অপরিহার্য নয় এমন ভিজিটরদের নিষিদ্ধ করতে হবে, যতদূর সম্ভব।

- দায়বদ্ধ পক্ষগুলিকে অবশ্যই পিকআপ এবং ডেলিভারির জন্য নির্দিষ্ট এলাকা নির্দিষ্ট করতে হবে, যতটা সম্ভব যোগাযোগ সীমিত করতে।
  - দায়বদ্ধ পক্ষগুলিকে অবশ্যই নিশ্চিত করতে হবে যে একটি ডেলিভারি স্থানান্তরের আগে এবং পরে কর্মী/কর্মচারীগন হাতের পরিচ্ছন্নতা অনুশীলন করেন (যেমন পণ্য লোড করা শুরু করার আগে হাতের পরিচ্ছন্নতা অনুশীলন করা; এবং সমস্ত পণ্য লোড করা হয়ে গেলে, আবার হাতের পরিচ্ছন্নতা অনুশীলন করে শেষ করা)।

- দায়বদ্ধ পক্ষগুলোর সাইটে মিথস্ক্রিয়া সীমিত করা উচিৎ (উদাহরণস্বরূপ শিফট শেষ করা কর্মীদের জন্য নির্দিষ্ট এলাকা মনোনীত করা এবং শিফট শুরু করা কর্মীদের জন্য পৃথক এলাকা, শিশুকে ছারতে/নিয়ে যআওয়ার জন্য পিতামাতা/অভিভাবক/পরিচর্যাকারীদের প্রবেশ এবং প্রস্থানের জন্য পৃথক এলাকা নির্ধারণ করা) এবং যাতায়াত সীমিত কর উচিৎ (উদাহরণস্বরূপ, কর্মীদের পক্ষে যতটা সম্ভব তাদের নির্দিষ্ট এলাকার কাছাকাছি থাকা উচিত)।

- যেখানে সম্ভব, দায়বদ্ধ পক্ষগুলির প্রবেশদ্বারের সংখ্যা সীমিত করা উচিত (1) ফ্যাসিলিটিতে প্রবেশকারী মানুষের প্রবাহ পরিচালনা করার জন্য এবং (2) স্বাস্থ্যজনিত স্ক্রিনিং-এর সুবিধা প্রদান করার জন্য, নিচে বর্ণিত রূপে, অগ্নি নিরাপত্তা এবং অন্যান্য প্রযোজ্য নিয়ম মেনে চলার পাশাপাশি।

- ○ স্ক্রিনিংয়ের জন্য প্রতিষ্ঠানের বা সাইটের ভেতরে বা বাইরে অপেক্ষারত মানুষদের মধ্যে ছয় ফুট সামাজিক দূরত্ব বজায় রাখার জন্য একটি পরিকল্পনা তৈরি করুন, যেমন প্রযোজ্য।

II. জায়গা

A. প্রতিরক্ষামূলক সরঞ্জাম

- নির্দিষ্ট চাইল্ড কেয়ার এবং ডে ক্যাম্পের ক্রিয়াকলাপের জন্য প্রয়োজনীয় (PPE) ছাড়াও, দায়বদ্ধ পক্ষগুলিকে অবশ্যই, গ্রহণযোগ্য মুখের আবরণ সংগ্রহ করতে হবে এবং কর্মচারীদের বিনামূল্যে প্রদান করতে হবে তাদের কাজ করার সময়। যদি একজন কর্মীর প্রতিস্থাপন প্রয়োজন হয় তার জন্য মুখের আবরণ, মাস্ক এবং অন্যান্য প্রয়োজনীয় ব্যক্তিগত প্রতিরক্ষামূলক সরঞ্জাম (PPE) এর পর্যাপ্ত সরবরাহ হাতে থাকা উচিত গ্রহণযোগ্য মুখের আবরণের মধ্যে অন্তর্ভুক্ত থাকবে, কিন্তু তাতেই সীমাবদ্ধ নয়, কাপড় (যেমন, বাড়িতে সেলাই করা, কুইক কাট, ব্যান্ডানা), সার্জিক্যাল মাস্ক, N95 রেস্পিরেটর এবং ফেস সিল্ড।
  - ○ দায়বদ্ধ পক্ষগুলোকে সাইটে শারীরিকভাবে উপস্থিত ঠিকাদার বা বিক্রেতাদের ব্যক্তিগত প্রতিরক্ষামূলক সরঞ্জাম (PPE) কে প্রদান করবে বিষয়ে একমত হতে, যেকোনো সংস্থা যাদের সাথে তারা চুক্তিবদ্ধ হয়েছে, তাদের সাথে অবশ্যই একসাথে কাজ করতে হবে।

- মুখের আবরণগুলি ব্যবহারের পর অবশ্যই পরিষ্কার করতে হবে বা প্রতিস্থাপন করতে হবে এবং কারো সাতেহ ভাগ করা চলবে না। অনুগ্রহ করে কাপড়ের মুখের আবরণ এবং অন্যান্য ধরনের ব্যক্তিগত প্রতিরক্ষামূলক সরঞ্জাম (PPE) সম্পর্কে অতিরিক্ত তথ্যের জন্য এবং তার সাথে তা ব্যবহার এবং পরিষ্কারের নির্দেশাবলীর জন্য রোগ নিয়ন্ত্রণ ও প্রতিরোধ কেন্দ্র (CDC) এর নির্দেশিকা দেখুন।

- দায়বদ্ধ পক্ষগুলিকে অবশ্যই তাদের কর্মীদের নিজস্ব গ্রহণযোগ্য মুখের আবরণ ব্যবহার করার অনুমতি দিতে হবে কিন্তু তাদের কর্মীদের নিজস্ব মুখের আবরণ সরবরাহ করতে বলতে পারবেন না। উপরন্তু, এই নির্দেশিকা কর্মীদের তাদের ব্যক্তিগত মালিকানাধীন অতিরিক্ত প্রতিরক্ষামূলক আবরণ (যেমন সার্জিকাল মাস্ক, N95 রেস্পিরেটর, বা ফেস শিল্ড) পরা থেকে প্রতিরোধ করবে না, অথবা অন্যথায় যদি দায়বদ্ধ পক্ষ অনুযায়ী তাদের কাজের প্রকৃতির কারণে কর্মীদের আরো বেশি নিরাপত্তামূলক ব্যক্তিগত প্রতিরক্ষামূলক সরঞ্জাম (PPE) ব্যবহারের প্রয়োজন হয়। নিয়োগকর্তাদের সকল প্রযোজ্য পেশাগত নিরাপত্তা এবং স্বাস্থ্য প্রশাসন (OSHA) মান মেনে চলতে হবে।

- দায়বদ্ধ পক্ষগুলিকে অবশ্যই তাদের কর্মীদের কিভাবে পর্যাপ্তভাবে মুখের আবরণ সহ, কিন্তু তাতেই সীমিত নয়, PPE পড়তে, খুলে ফেলতে, পরিষ্কার করতে (যেমন প্রযোজ্য), এবং তার নিষ্পত্তি করতে হয়, সেই বিষয়ে কর্মীদের প্রশিক্ষণ দিতে হবে।

- দায়বদ্ধ পক্ষগুলিকে অবশ্যই বস্তু শেয়ার করা, যেমন ইলেক্ট্রনিক সরঞ্জাম, কলা ও কারুশিল্পের সামগ্রি, টাচস্ক্রিন, এবং শেয়ার করা পৃষ্ঠতল স্পর্শ করা সীমিত করার জন্য ব্যবস্থা গ্রহণ করতে হবে; অথবা, শেয়ার করা বস্তু বা ঘন ঘন স্পর্শ করা পৃষ্ঠতলের সংস্পর্শে থাকলে কর্মীদের জন্য গ্লাভস (বাণিজ্য অনুযায়ী অথবা চিকিৎসাগত) পরে থাকা প্রয়োজনীয় করতে হবে; অথবা, কর্মী দের জন্য যোগাযোগের আগে এবং পরে হাতের পরিচ্ছন্নতা অনুশীলন করা প্রয়োজনীয় করতে হবে।

- দায়বদ্ধ পক্ষগুলোর রিসেপশান এবং নিরাপত্তা ডেস্কে শারীরিক প্রতিবন্ধকতা স্থাপনের কথা বিবেচনা করা উচিত।

- উপরে যেমন উল্লেখ করা হয়েছে, শারীরিক প্রতিবন্ধকতা (যেমন প্লেক্সিগ্লাস বা অনুরূপ উপাদান) যা OSHA-র নির্দেশিকা অনুযায়ী স্থাপন করা উচিত।

C. স্বাস্থ্যবিধি, পরিচ্ছন্নতা, এবং জীবাণুমুক্তকরণ

- প্রাসঙ্গিকতা অনুযায়ী, দায়বদ্ধ পক্ষগণকে অবশ্যই CDC এবং DOH এর সুপারিশকৃত স্বাস্থ্যবিধি এবং পরিচ্ছন্নতা ও জীবাণুমুক্তকরণ সংক্রান্ত বাধ্যবাধকতাগুলি মেনে চলতে হবে, যেমন সেগুলি প্রযোজ্য, যার মধ্যে আছে "COVID-19 এর জন্য সরকারি এবং বেসরকারি কেন্দ্রগুলি পরিষ্কার এবং জীবাণুমুক্ত করার নির্দেশিকা" (Guidance for Cleaning and Disinfection of Public and Private Facilities for COVID-19), এবং "ছড়িয়ে পড়া থামান" (STOP THE SPREAD) পোস্টার। দায়বদ্ধ পক্ষগুলোকে অবশ্যই কিছু লগ বজায় রাখতে হবে যাতে তারিখ, সময় এবং পরিচ্ছন্নতা ও জীবাণুমুক্তকরণের পরিধি অন্তর্ভুক্ত।
- কর্মী/কর্মচারী এবং শিশু/ক্যাম্পারদের অবশ্যই প্রোগ্রামে প্রবেশের সাথে সাথে হাতের পরিচ্ছন্নতা সম্পন্ন করতে হবে।
- দায়বদ্ধ পক্ষগুলোকে অবশ্যই সাইটে হ্যান্ড হাইজিন স্টেশন প্রদান করতে এবং রক্ষণাবেক্ষণ করতে হবে, নিম্নরূপে:
  - হাত ধোয়ার জন্য: সাবান, চলমান উষ্ণ পানি, এবং নিষ্পত্তিযোগ্য কাগজের তোয়ালে।
  - হাত স্যানিটাইজ করার জন্য: যেখানে হাত ধোয়ার সুবিধা পাওয়া যাবে না বা সম্ভব নাও হতে পারে সেইসব এলাকার জন্য একটি অ্যালকোহল ভিত্তিক হ্যান্ড স্যানিটাইজার যাতে অন্তত 60% অ্যালকোহল থাকে।
  - সাইটের সাধারণ এলাকা জুড়ে হ্যান্ড স্যানিটাইজার উপলব্ধ করুন। এটা সুবিধাজনক জায়গায় রাখা উচিত, যেমন প্রবেশদ্বার, প্রস্থান দ্বার, লিফট, এবং সিকিউরিটি/রিসেপ্সন ডেস্কে।
- দায়বদ্ধ পক্ষগুলোর হ্যান্ড স্যানিটাইজার স্টেশনের কাছে সংকেত রাখা উচিত যা নির্দেশ করে যে দৃশ্যমান নোংরা হাত সাবান এবং জল দিয়ে ধুয়ে ফেলা উচিত; হ্যান্ড স্যানিটাইজার দৃশ্যমান নোংরা হাতে কার্যকর নয়।
- দায়বদ্ধ পক্ষগুলিকে PPE সহ ময়লা সামগ্রী নিষ্পত্তির পাত্র ফেসিলিটির চারপাশে স্থাপন করা উচিৎ।
- দায়বদ্ধ পক্ষগুলিকে অবশ্যই শিশু এবং কর্মচারীদের হাতের পরিচ্ছন্নতা অনুশীলন করা বাধ্যতামূলক করতে হবে:
  - প্রথম প্রোগ্রাম কার্যকলাপে আগমণের পর;
  - সকল প্রোগ্রাম কার্যকলাপের মধ্যেবর্তী সময়ে;
  - গোসল ঘর ব্যবহারের পর;
  - খাওয়ার আগে; এবং
  - সর্বশেষ প্রোগ্রাম কার্যকলাপ ত্যাগ করার আগে।
- দায়বদ্ধ পক্ষগুলিকে অবশ্যই শেয়ার করা এবং ঘন ঘন স্পর্শ করা পৃষ্ঠতল (উদাহরণস্বরূপ দরজার হাতল, বহু আসন যুক্ত স্ট্রোলার, রেলিং, খেলনা, আঁকার সরঞ্জাম, শিশুদের খাবারের এলাকা) এর জন্য যথাযথ পরিষ্কার করার এবং জীবাণুমুক্তকরণের সরঞ্জাম প্রদান করতে হবে এবং তাদের কর্মীদের সেই পৃষ্ঠতল ব্যবহারের আগে এবং পরে প্রস্তুতকারকের নির্দেশনা অনুসরণ করে এই সরঞ্জাম ব্যবহার করতে উৎসাহিত করতে হবে, এবং তারপর হাতের পরিচ্ছন্নতা অনুসরণ করতে হবে।
- দায়বদ্ধ পক্ষগুলোকে নিয়মিতভাবে স্থানটিকে পরিষ্কার এবং জীবাণুমুক্ত করতে হবে এবং অনেকের দ্বারা ব্যবহৃত উচ্চ ঝুঁকি সম্পন্ন স্থানগুলিকে (উদাহরণস্বরূপ সবার দ্বারা ব্যবহার করা এলাকা, দরজার হাতল, রেলিং, বাথরুম,

রান্নাঘর) ঘন ঘন নিয়মিতভাবে পরিষ্কার এবং জীবানুমুক্ত করতে হবে। পরিষ্কার এবং জীবানুমুক্তকরণ অবশ্যই কঠোর এবং চলমান হতে হবে এবং প্রয়োজন অনুযায়ী অন্তত প্রতিটি শিফট, দৈনিক বা আরো ঘন ঘন হতে হবে। কীভাবে ফেসিলিটিগুলি পরিষ্কার করবেন তার বিশদ নির্দেশাবলীর জন্য অনুগ্রহ করে DOH এর "COVID-19 এর জন্য সরকারি এবং বেসরকারি কেন্দ্রগুলি পরিষ্কার করা এবং জীবাণুমুক্ত করার বিষয়ে অন্তর্বর্তীকালীন নির্দেশিকা" (Interim Guidance for Cleaning and Disinfection of Public and Private Facilities for COVID-19) দেখুন।

- দায়বদ্ধ পক্ষগুলিকে অবশ্যই বিশ্রামকক্ষগুলি নিয়মিত পরিষ্কার ও জীবাণুমুক্ত করা নিশ্চিত করতে হবে। বিশ্রামাগারগুলি কত ঘন ঘন তা ব্যবহৃত হয় তার উপর নির্ভর করে আরো বেশি বার পরিষ্কার এবং জীবানুমুক্ত করা উচিৎ।
  - দায়বদ্ধ পক্ষগুলিকে অবশ্যই নিশ্চিত করতে হবে যে বিশ্রামাগারের ধারণ ক্ষমতা কমানোর জন্য সাইনেজ, দখল করা আছে কিনা তার মার্কার বা অন্যান্য পদ্ধতি ব্যবহার করে সামাজিক দূরত্বের বিধিমালা যেন মেনে চলা হয়।

- দায়বদ্ধ পক্ষগুলোকে নিশ্চিত করতে হবে যেন সরঞ্জাম এবং খেলনা নিয়মিতভাবে পরিষ্কার করা হয় এবং নিবন্ধিত জীবাণুনাশক ব্যবহার করে জীবাণুমুক্ত করা হয়, অনুগ্রহ করে নিউ ইয়র্ক রাজ্যে নিবন্ধিত এবং পরিবেশ রক্ষা সংস্থা (EPA) কর্তৃক COVID-19 এর বিরুদ্ধে কার্যকর হিসেবে চিহ্নিত করা পরিবেশ সংরক্ষণ বিভাগ (DEC) এর পণ্যের তালিকা দেখুন।

- দায়বদ্ধ পক্ষগুলোকে অবশ্যই এমন ব্যবস্থা অবলম্বন করতে হবে যা শিশু/ক্যাম্পারদের এমন খেলনা ব্যবহার করা থেকে বিরত রাখবে যা পরিষ্কার এবং জীবাণুমুক্ত করা যাবে না, (যেমন নরম খেলনা, খেলার জন্য পোশাক, পুতুল)।
  - দায়বদ্ধ পক্ষগুলোকে অবশ্যই শিশুদের বাড়ি থেকে খেলনা না আনতে উৎসাহিত করতে হবে। যদি বাড়ি থেকে একটি খেলনা চাইল্ড কেয়ার বা ডে ক্যাম্প ফ্যাসিলিটি বা এলাকায় আনা হয়, দায়বদ্ধ পক্ষগুলিকে নিশ্চিত করতে হবে যে শিশুরা যেন খেলনাটি অন্যদের সাথে শেয়ার না করে।

- প্রত্যেক শিশু বা ক্যাম্পারের জিনিসপত্র অন্যদের থেকে আলাদা রাখা এবং স্বতন্ত্রভাবে লেবেল যুক্ত বাক্সে বা এলাকায় রাখা এবং সেগুলি বাড়িতে নিয়ে যাওয়া হয় এবং পরিষ্কার করা হয় এবং নিয়মিতভাবে জীবাণুমুক্ত করা হয় তা নিশ্চিত করার মাধ্যমে দায়বদ্ধ পক্ষগুলোকে অবশ্যই শিশু/ক্যাম্পারদের মধ্যে ব্যক্তিগত সামগ্রী শেয়ার করা সীমিত করার পদক্ষেপ গ্রহণ করতে হবে।

- যে চাইল্ড কেয়ার বা ডে ক্যাম্প কার্যক্রমগুলি শিশু বা ক্যাম্পারদের জন্য বিশ্রামের সময় (উদাহরণস্বরূপ, ঘুম) প্রদান করে, দায়বদ্ধ পক্ষগুলোকে সেখানে প্রত্যেক শিশু/ক্যাম্পারের জন্য অবশ্যই আলাদা আলাদা পরিষ্কার বিছানার চাদর উপলব্ধ করতে হবে। বিছানাপত্র, যা ঘুমের পরিবেশের অপসারণীয় এবং ধোয়া যায় এমন অংশ, পরিষ্কার এবং জীবাণুমুক্ত না করা পর্যন্ত শিশুদের মধ্যে শেয়ার করা যাবে না। বিছানাপত্র সহ, ঘুমের পৃষ্ঠতল, তুলে রাখার সময় অন্য শিশুর বিশ্রাম সরঞ্জামের ঘুমের পৃষ্ঠতলের সংস্পর্শে আসা উচিত নয়। ম্যাট এবং খাট এমন ভাবে তুলে রাখতে হবে যাতে ঘুমের পৃষ্ঠতলগুলি একের ওপর এক রাখার সময় স্পর্শ না করে।

- যদি পরিষ্কার করার বা জীবাণুনাশক পণ্য বা পরিষ্কার করা বা জীবাণুমুক্তকরণের কাজ উপাদান বা যন্ত্রপাতির নিরাপত্তার ঝুঁকি সৃষ্টি করে অথবা তাতে অবনতি ঘটায়, তাহলে দায়বদ্ধ পক্ষগুলিকে ব্যবহারের মধ্যবর্তী সময়ের জন্য অবশ্যই হ্যান্ড হাইজিন স্টেশন স্থাপন করতে হবে এবং/অথবা নিষ্পত্তিযোগ্য গ্লাভস প্রদান করতে হবে এবং/অথবা এই যন্ত্রপাতি ব্যবহার করা কর্মীদের সংখ্যা সীমিত করতে হবে।

- একজন ব্যক্তি COVID-19 এ আক্রান্ত হওয়ার ক্ষেত্রে দায়বদ্ধ পক্ষগুলিকে অবশ্যই তাদের দ্বারা ব্যবহৃত এলাকা পরিষ্কারের এবং জীবাণুমুক্ত করার ব্যবস্থা করতে হবে, এবং সেই পরিষ্কার করা এবং জীবাণুমুক্তকরণে কমপক্ষে সকল অধিক পরিবহনের এলাকা এবং বেশি স্পর্শ করা পৃষ্ঠতল (যেমন ডাইনিং এলাকা, রেলিং, দরজার হাতল) অন্তর্ভুক্ত হতে হবে।

- যদি কারোর COVID-19 সংক্রমণের সন্দেহ অথবা নিশ্চয়তা থাকে, তাহলে, "আপনার প্রতিষ্ঠানকে পরিষ্কার এবং তার জীবাণুমুক্তকরণ" (Cleaning and Disinfecting Your Facility) সম্পর্কিত CDC-এর নির্দেশিকাগুলি হল:
  - COVID-19 আছে বলে সন্দেহভাজন বা নিশ্চিত ব্যক্তি, যিনি অসুস্থ, তার দ্বারা ব্যবহৃত এলাকাগুলি বন্ধ করা।
    - প্রভাবিত এলাকাগুলি বন্ধ করে দেওয়া উচিৎ এবং পরিষ্কার এবং জীবাণুমুক্ত করা প্রয়োজন।
    - ব্যক্তি দ্বারা ব্যবহৃত শেয়ারকৃত বিল্ডিং স্পেসও বন্ধ করতে হবে, পরিষ্কার এবং জীবাণুমুক্ত করতে হবে (যেমন লিফট, লবি, বাহ্যিক কমন স্পেস)।
  - সকল স্বাস্থ্য এবং নিরাপত্তা মান বজায় রাখার সাথে এলাকায় বায়ু সঞ্চালন বৃদ্ধির জন্য বাইরের দরজা এবং জানালা খুলে রাখুন।
  - পরিষ্কার এবং জীবাণুমুক্ত করার আগে 24 ঘন্টা অপেক্ষা করুন। যদি 24 ঘন্টা সম্ভব না হয়, তাহলে যতদিন সম্ভব অপেক্ষা করুন।
  - COVID-19 আছে বলে সন্দেহভাজন বা নিশ্চিত ব্যক্তির দ্বারা ব্যবহৃত সকল এলাকা পরিষ্কার এবং জীবাণুমুক্ত করুন যেমন অফিস, বাথরুম, সাধারণ এলাকাগুলি, এবং শেয়ার করা সরঞ্জামসমূহ।
  - একবার এলাকাটি যথাযথভাবে পরিষ্কার এবং জীবাণুমুক্ত করা হয়ে গেলে, এটি ব্যবহারের জন্য পুনরায় খোলা যেতে পারে।
    - COVID-19 আছে বলে সন্দেহ করা হয়েছে অথবা নিশ্চিত করা হয়েছে এমন অসুস্থ ব্যক্তির সাথে ঘনিষ্ঠ বা নিকট যোগাযোগ নেই এমন কর্মীরা পরিষ্কার এবং জীবানুমুক্তকরণের পরেই কর্মক্ষেত্রে ফিরে যেতে পারেন।
    - "ঘনিষ্ঠ বা নিকট" যোগাযোগ সম্পর্কে তথ্যের জন্য "COVID-19 সংক্রমণ বা এক্সপোজারের পর কাজে ফিরে আসা সরকারি ও বেসরকারি কর্মচারীদের জন্য অন্তর্বর্তীকালীন নির্দেশিকা" দেখুন।
  - যদি সাত দিনের বেশী সময় অতিবাহিত হয় COVID-19 আছে বলে সন্দেহভাজন বা নিশ্চিত ব্যক্তি ফেসিলিটি পরিদর্শন করার পর বা ব্যবহার করার পর, তাহলে স্থানটিকে অতিরিক্ত পরিষ্কার করার এবং জীবানুমুক্ত করার প্রয়োজন নেই, কিন্তু নিয়মমাফিক পরিষ্কার এবং জীবানুমুক্ত করা অব্যাহত রাখা উচিত।

- দায়বদ্ধ পক্ষগুলোকে অবশ্যই কর্মীদের মধ্যে খাদ্য এবং পানীয় শেয়ার করা (যেমন বুফে জাতীয় খাবারের ব্যবস্থা) নিষিদ্ধ করতে হবে। যদি কর্মীরা শিশুদের থেকে আলাদা ভাবে খান, তাহলে দায়বদ্ধ পক্ষগুলোর উচিত কর্মীদের দুপুরের খাবার বাড়ি থেকে নিয়ে আসতে উৎসাহিত করা, এবং খাবার খাওয়ার সময় কর্মীদের সামাজিক দূরত্ব বজায় রাখার জন্য পর্যাপ্ত জায়গা সংরক্ষণ করা।

D. পর্যায়ক্রমিকভাবে পুনরায় শুরু করা

- দায়বদ্ধ পক্ষগুলিকে পুনরায় খোলার ক্রিয়াকলাপ পর্যায়ক্রমিকভাবে করার জন্য উৎসাহিত করা হয় যাতে উৎপাদন বা কাজ স্বাভাবিক পর্যায়ে ফিরে আসার আগে পরিচালন সংক্রান্ত সমস্যার সমাধান করা সম্ভব হয়। দায়বদ্ধ পক্ষগুলির উচিত প্রথম পুনরায় খোলার সময় কর্মী, কাজের সময় এবং পরিষেবা প্রদানের জন্য উপলব্ধ শিশু/ক্যাম্পারদের সংখ্যা সীমিত করার কথা বিবেচনা করা যাতে পরিবর্তনের সাথে মানিয়ে নিয়ে পরিচালনা করা যায়।

- দায়বদ্ধ পক্ষগুলোর উচিৎ কর্মীদের অনুপস্থিতি পর্যবেক্ষণ করা এবং প্রশিক্ষিত ব্যাক-আপ স্টাফদের একটি রোস্টার থাকা উচিৎ, যেমন বাস্তবসম্মত হবে।

E. যোগাযোগ পরিকল্পনা

- দায়বদ্ধ পক্ষগুলিকে অবশ্যই নিশ্চিত করতে হবে যে তারা রাজ্যের জারি করা শিল্প নির্দেশিকা পর্যালোচনা করেছেন এবং বুঝতে পেরেছেন, এবং তারা তা বাস্তবায়ন করবেন।

- দায়বদ্ধ পক্ষগুলিকে অবশ্যই সকল কর্মীদের এই নির্দেশিকার মধ্যে থাকা প্রযোজ্য সতর্কতা এবং নীতি সম্পর্কে প্রশিক্ষণ দিতে হবে, দূরবর্তী বা ব্যক্তিগতভাবে, যথাযথ সামাজিক দূরত্ব ব্যবহার করে এবং সকল অংশগ্রহণকারীদের জন্য মুখের আবরণ পরে থাকার প্রয়োজনীয়তা বজায় রেখে।

- কিভাবে শিশুদের মধ্যে COVID-19 এর বিস্তার রোধ করার জন্য ভাল সর্বজনীন এবং ব্যক্তিগত স্বাস্থ্য বিকাশের উন্নয়নকে সমর্থন করা যায়, যার মধ্যে হাতের পরিচ্ছন্নতা এবং সামাজিক দূরত্ব অন্তর্ভুক্ত, সে বিষয়ে দায়বদ্ধ পক্ষগুলোকে কর্মীদের প্রশিক্ষণ দেওয়া উচিত।

- দায়বদ্ধ পক্ষগুলির উচিত একজন কর্মচারীকে COVID-19 সম্পর্কিত উদ্বেগের ক্ষেত্রে প্রতিক্রিয়ার জন্য মনোনীত করা। কর্মী এবং পিতামাতা/অভিভাবকদের জানা উচিত এই ব্যক্তি কে এবং কিভাবে তাদের সাথে যোগাযোগ করা যায়।

- দায়বদ্ধ পক্ষগুলিকে কর্মচারী, পিতা-মাতা/অভিভাবক এবং শিশু/ক্যাম্পারদের জন্য একটি যোগাযোগ পরিকল্পনা তৈরি করা উচিত যাতে কর্মীদের তথ্য প্রদানের জন্য প্রযোজ্য নির্দেশনা, প্রশিক্ষণ, সাইনেজ, এবং একটি সঙ্গতিপূর্ণ উপায় অন্তর্ভুক্ত করে। দায়বদ্ধ পক্ষগুলি ওয়েব পেজ, টেক্সট এবং ইমেইল গ্রুপ এবং সোশাল মিডিয়া উন্নয়ন করার কথা বিবেচনা করতে পারেন।

- দায়বদ্ধ পক্ষগুলোর উচিত ব্যক্তিদের ব্যক্তিগত প্রতিরক্ষামূলক সরঞ্জাম (PPE), বিশেষ করে মুখের আবরণ ব্যবহার করার বিষয়ে, মৌখিক যোগাযোগ এবং সংকেতের মাধ্যমে রোগ নিয়ন্ত্রণ ও প্রতিরোধ কেন্দ্র (CDC) এবং স্বাস্থ্য বিভাগ (DOH) এর নির্দেশিকা মেনে চলার জন্য উৎসাহিত করা।

- দায়বদ্ধ পক্ষগুলির উচিৎ ফ্যাসিলিটির ভিতরে এবং বাইরে সংকেত প্রদর্শিত করে কর্মীদের সঠিক পরিচ্ছন্নতা, সামাজিক দূরত্বের নিয়ম, ব্যক্তিগত প্রতিরক্ষামূলক সরঞ্জাম (PPE) এর সঠিক ব্যবহার এবং পরিষ্কার এবং জীবাণুমুক্ত করার প্রোটোকল মেনে চলার জন্য স্মরণ করিয়ে দেওয়া।

III. প্রক্রিয়াসমূহ

A. স্ক্রিনিং এবং পরীক্ষা

- দায়বদ্ধ পক্ষগুলোকে অবশ্যই কর্মীদের বাড়িতে থাকার নির্দেশ দিতে হবে যদি তারা অসুস্থ বোধ করেন এবং অসুস্থ শিশু/ক্যাম্পারদের বাড়িতে রাখার জন্য পিতামাতা/অভিভাবকদের স্মরণ করিয়ে দিতে হবে।
  - শিশু/ক্যাম্পারদের মধ্যে COVID-19 এর লক্ষণ এবং উপসর্গগুলির জন্য কর্মী এবং পিতামাতা/অভিভাবকদের লক্ষ্য রাখা উচিত।

- দায়বদ্ধ পক্ষগুলিকে অবশ্যই তাদের কর্মী এবং দর্শনার্থী, যেমন ঠিকাদার বা বিক্রেতাদের জন্য বাধ্যতামূলক দৈনিক স্বাস্থ্যজনিত স্ক্রিনিং অনুশীলন বাস্তবায়ন করতে হবে। সরাসরি অথবা তাদের পিতামাতা/অভিভাবকের মাধ্যমে শিশু/ক্যাম্পারদের জন্যও স্ক্রিনিং বাধ্যতামূলক।
  - কর্মী দ্বারা চাইল্ড কেয়ার অথবা ডে ক্যাম্প কার্যক্রমে রিপোর্ট করার আগে স্ক্রিনিং অনুশীলন দূরবর্তীভাবে সম্পন্ন করা যেতে পারে (যেমন টেলিফোন বা ইলেকট্রনিক জরিপের মাধ্যমে), যতদূর সম্ভব; অথবা সাইটেও তা করা যেতে পারে।
    - যেখানে সম্ভব, বাসে যাতায়াত করে কার্যক্রমে পৌঁছানো শিশু/ক্যাম্পারদের এবং বাসে কার্যদর্শী কর্মীদের জন্য, বাসে ওঠার আগে স্ক্রিনিং সম্পন্ন করতে হবে।
  - স্ক্রিনিং শেষ হওয়ার পূর্বে একে অপরের সাথে ঘনিষ্ঠ বা নিকট সংস্পর্শে মেলামেশা করা থেকে কর্মীদের বিরত রাখার জন্য স্ক্রীনিং এর সমন্বয়সাধন করা উচিত।
  - ন্যূনতমভাবে, একটি প্রশ্নপত্র ব্যবহার করে স্ক্রীনিং সম্পন্ন করতে হবে যা নির্ধারণ করে যে ব্যক্তি:

    (a) জেনেশুনে গত 14 দিনে ঘনিষ্ঠ বা নিকট সংস্পর্শে থেকেছেন এমন কারও সঙ্গে যিনি COVID-19 এর জন্য পরীক্ষায় পজিটিভ ফল লাভ করেছেন বা যার মধ্যে COVID-19 এর লক্ষণ রয়েছে।

    (b) গত 14 দিনে COVID-19 এর পরীক্ষায় ইতিবাচক ফল লাভ করেছেন; এবং/অথবা

    (c) গত 14 দিনে তার COVID-19 এর কোনও লক্ষণ দেখা দিয়েছে কি না।

- COVID-19 এর সাথে সংশ্লিষ্ট উপসর্গ সম্পর্কে সর্বাধিক হালনাগাদকৃত তথ্যের জন্য "করোনাভাইরাসের উপসর্গ" সম্পর্কে CDC-র নির্দেশিকা দেখুন।
  - দায়বদ্ধ পক্ষগুলোকে অবশ্যই, সারাদিন ধরে, সম্ভাব্য COVID-19 অসুস্থতার লক্ষণের জন্য, শিশু/ক্যাম্পারদের চাক্ষুষ পরিদর্শন করতে হবে, যার মধ্যে লাল হয়ে যাওয়া গাল, দ্রুত শ্বাস প্রশ্বাস বা শ্বাস নিতে অসুবিধা (সাম্প্রতিক শারীরিক কার্যকলাপ ছাড়া), ক্লান্তি বা চরম বিশৃঙ্খলা অন্তর্ভুক্ত হতে পারে।

- দায়বদ্ধ পক্ষগুলির উচিত কর্মীদের এবং পিতামাতা/অভিভাবকদের জন্য এটি আবশ্যক করা যাতে, যদি এবং যখন উপরোক্ত কোনো প্রশ্নের প্রতি তাদের উত্তর, বা তাদের শিশু/ক্যাম্পারদের উত্তরে পরিবর্তন হয়, তারা যেন অবিলম্বে তা প্রকাশ করেন, যেমন যদি তারা উপসর্গ অনুভব করতে শুরু করেন, চাইল্ড ক্যাম্প বা ডে কেয়ারে থাকার সময় বা তার পরে।

- চাইল্ড কেয়ার বা ডে ক্যাম্প কার্যক্রম দ্বারা অবশ্যই শিশু, কর্মচারী, এবং পিতামাতা/অভিভাবকদের এই সাইটে প্রবেশ করতে, অথবা বাসে উঠতে নিষেধ করতে হবে, যদি তাদের মধ্যে COVID-19 এর উপসর্গ দেখা যায়।

- মার্কিন যুক্তরাষ্ট্রের সমান কর্মসংস্থানের সুযোগের কমিশন (U.S. Equal Employment Opportunity Commission) বা স্বাস্থ্য বিভাগ (DOH) এর নীতিমালা অনুযায়ী স্ক্রিনিং প্রশ্নপত্রের সাথে দৈনিক তাপমাত্রা পরীক্ষা করাও হতে

পারে। দায়বদ্ধ পক্ষগুলোকে কর্মীদের স্বাস্থ্য সংক্রান্ত তথ্যের রেকর্ড (উদাহরণস্বরূপ তাপমাত্রার তথ্য) রাখতে নিষিদ্ধ করা হয়েছে।

- দায়বদ্ধ পক্ষগুলিকে নিশ্চিত করতে হবে যে তাপমাত্রা পরীক্ষণ সহ অন্যান্য স্ক্রিনিং কার্যক্রম সম্পাদন করা কোনো কর্মী, সাইটে প্রবেশ করা সম্ভাব্য সংক্রামিত ব্যক্তিদের দ্বারা সংক্রমণ থেকে যথাযথ ভাবে সুরক্ষিত। যে কর্মীরা স্ক্রিনিং কার্যক্রম সম্পাদন করেন তাদের রোগ নিয়ন্ত্রণ ও প্রতিরোধ কেন্দ্র (CDC), স্বাস্থ্য বিভাগ (DOH) এবং পেশাগত নিরাপত্তা এবং স্বাস্থ্য প্রশাসন (OSHA) প্রোটোকলের সাথে পরিচিত কর্মকর্তা-চিহ্নিত ব্যক্তিদের দ্বারা প্রশিক্ষিত হওয়া উচিত।

- স্ক্রিনিং করা কর্মীদের জন্য কমপক্ষে একটি ফেস মাস্ক সহ ব্যক্তিগত প্রতিরক্ষামূলক সরঞ্জাম (PPE) প্রদান করা উচিত এবং তাদের তা ব্যবহার করা উচিত, এবং তাতে গ্লাভস, একটি গাউন, এবং/অথবা একটি ফেস শিল্ড অন্তর্ভুক্ত হতে পারে।

- একজন কর্মী, পিতামাতা/অভিভাবক, বা শিশু/ক্যাম্পার যাকে COVID-19 এর জন্য ইতিবাচক হিসাবে স্ক্রিন করা হয়েছে অথবা যার মধ্যে সেই উপসর্গগুলি দেখা দেয়, তাকে ফ্যাসিলিটি বা এলাকায় প্রবেশ করতে অনুমতি দেওয়া উচিত নয় এবং মূল্যায়ন এবং পরীক্ষণের জন্য স্বাস্থ্য পরিচর্যা প্রদানকারীর সাথে যোগাযোগ করার নির্দেশ দিয়ে বাড়িতে পাঠিয়ে দেওয়া উচিত। দায়বদ্ধ পক্ষগুলিকে COVID-19 পরীক্ষণে কোনো ইতিবাচক ফলাফল সম্পর্কে অবিলম্বে রাজ্য এবং স্থানীয় স্বাস্থ্য বিভাগকে জানাতে হবে।
    - যে সকল শিশু বা ক্যাম্পারদের ইতিবাচক স্ক্রিনিং এর কারণে বাড়ি পাঠানো হচ্ছে (উদাহরণস্বরূপ COVID-19 উপসর্গের সূচনা) তাদের অবিলম্বে অন্য শিশু বা ক্যাম্পারদের থেকে আলাদা করতে হবে এবং তত্বাবধান করতে হবে যতক্ষণ না তাদের পিতামাতা/অভিভাবক অথবা জরুরী যোগাযোগের ব্যক্তি কার্যক্রম ফ্যাসিলিটি বা এলাকা থেকে তাদের নিয়ে যেতে পারেন।
    - দায়বদ্ধ পক্ষগুলিকে স্বাস্থ্যসেবা ও পরীক্ষা করার সংস্থানগুলির সম্পর্কে তথ্য কর্মচারীদের সরবরাহ করতে হবে।

- COVID-19 এর সন্দেহজনক বা নিশ্চিত সংক্রমণের পর অথবা একজন COVID-19 সংক্রামিত ব্যক্তির সাথে ঘনিষ্ঠ যোগাযোগ বা তার সংস্পর্শে আসার পর কর্মক্ষেত্রে অথবা সাইটে ফিরে আসতে চাওয়া কর্মী, পিতামাতা/অভিভাবক, অথবা শিশু/ক্যাম্পারের জন্য প্রোটোকল এবং নীতি সম্পর্কে দায়বদ্ধ পক্ষগুলোর স্বাস্থ্য বিভাগ (DOH) এর "COVID-19 সংক্রমণ বা সংক্রমণের সংস্পর্শে আসার পর কাজে ফিরে আসা সরকারি ও বেসরকারি কর্মচারীদের জন্য অন্তর্বর্তীকালীন নির্দেশিকা" অনুসরণ করা উচিৎ।

- দায়বদ্ধ পক্ষগুলিকে অবশ্যই স্ক্রিনিং প্রক্রিয়া দ্বারা সংগৃহীত সকল কর্মী এবং পিতা-মাতা/অভিভাবক এবং শিশুদের প্রতিক্রিয়া প্রতিদিন পর্যালোচনা করতে হবে এবং এই ধরনের পর্যালোচনার একটি রেকর্ড বজায় রাখতে হবে। দায়বদ্ধ পক্ষগুলোর যোগাযোগের জন্য একটি কেন্দ্র নির্ধারণ করা উচিত, যা প্রতি কার্যকলাপ, অবস্থান, শিফট বা দিনের জন্য আলাদা হতে পারে, যা সকল কর্মচারী, পিতামাতা/অভিভাবক এবং শিশুদের প্রশ্নপত্র পর্যালোচনা এবং পরীক্ষা করার জন্য দায়ী, এবং যদি কোনো কর্মী বা দর্শনার্থী পরবর্তীকালে COVID-19 সংক্রান্ত উপসর্গের সম্মুখীন হন তাহলে তা জানাণোর জন্য সেই যোগাযোগকে উপযুক্ত পক্ষ হিসাবে শনাক্ত করতে হবে, যেমন প্রশ্নপত্রটিতে উল্লেখ করা হয়েছে।
    - সাইটের জন্য চিহ্নিত যোগাযগের ব্যক্তিকে সন্দেহজনক বা ইতিবাচক সংক্রমণের খবর পেতে এবং সংশ্লিষ্ট পরিষ্কার করা এবং জীবাণুমুক্তকরণের প্রক্রিয়া শুরু করার জন্য প্রস্তুত থাকতে হবে।

- যতটা সম্ভব, দায়বদ্ধ পক্ষগুলির উচিত এমন সকল কর্মী, পিতামাতা/অভিভাবক, শিশু এবং কোনো অত্যাবশ্যক দর্শনর্থী সহ প্রত্যেক ব্যক্তির একটি লগ বজায় রাখা, যাদের কাজের সাইট বা এলাকায় অন্যান্য ব্যক্তিদের সাথে

ঘনিষ্ঠ যোগাযোগ হতে পারে; সেই সকল ডেলিভারি ছাড়া যা উপযুক্ত ব্যক্তিগত প্রতিরক্ষামূলক সরঞ্জাম (PPE) এর সাথে বা স্পর্শবিহীন মাধ্যম দ্বারা সঞ্চালিত হয়।

- যতটা সম্ভব, দায়বদ্ধ পক্ষগুলির উচিত এমন সকল কর্মী, পিতামাতা/অভিভাবক, শিশু এবং কোনো অত্যাবশ্যক দর্শনর্থী সহ প্রত্যেক ব্যক্তির একটি লগ বজায় রাখা, যাদের কাজের সাইট বা এলাকায় অন্যান্য ব্যক্তিদের সাথে ঘনিষ্ঠ যোগাযোগ হতে পারে; সেই সকল ডেলিভারি ছাড়া যা উপযুক্ত ব্যক্তিগত প্রতিরক্ষামূলক সরঞ্জাম (PPE) এর সাথে বা স্পর্শবিহীন মাধ্যম দ্বারা সঞ্চালিত হয়। লগে যোগাযোগের তথ্য থাকতে হবে, এমনভাবে যাতে একজন কর্মী, পিতামাত/অভিভাবক, শিশু অথবা দর্শনার্থী COVID-19 এ আক্রান্ত হলে, সকল যোগাযোগ শনাক্ত করা যেতে পারে, খুঁজে পাওয়া যায় এবং তাদের জানানো যায়। দায়বদ্ধ পক্ষগুলিকে অবশ্যই রাজ্য এবং স্থানীয় স্বাস্থ্য বিভাগের যোগাযোগ শনাক্তকরণ প্রচেষ্টার সাথে সহযোগিতা করতে হবে।
- যদি চাইল্ড কেয়ার বা ডে ক্যাম্প কার্যক্রমে কোন শিশু/ক্যাম্পারের পিতামাতা/অভিভাবককে আলাদা করতে হয়, কারণ তারা COVID-19 পরীক্ষায় ইতিবাচক নির্ধারিত হয়েছেন, অথবা এর উপসর্গগুলি প্রদর্শন করেছেন, দায়বদ্ধ পক্ষগুলোকে অবশ্যই সেই পিতামাতা/অভিভাবককে জানাতে হবে যে তারা তাদের সন্তানকে নিয়ে যাওয়া সহ অন্যান্য কোনো কারণে এই সাইটে প্রবেশ করতে পারবেন না।
    - যদি সেই পিতামাতা/অভিভাবকের- যিনি শিশু/ক্যাম্পারের মতো একই পরিবারের সদস্য- COVID-19 এর লক্ষণ দেখা দেয় বা ভাইরাসটির জন্য পরীক্ষা করা হলে সেটি ইতিবাচক নির্ধারিত হয়, তাহলে দায়বদ্ধ পক্ষগুলিকে অবশ্যই শিশুটিকে বাড়ি নিয়ে যাওয়ার জন্য পিতামাতার অনুমোদিত অন্য একজন পিতামাতা/অভিভাবক বা জরুরী যোগাযোগ ব্যবহার করতে হবে। একটি "ঘনিষ্ঠ যোগাযোগ" হিসেবে, শিশু/ক্যাম্পারের কোয়ারান্টিনের সময়কালের জন্য অবশ্যই চাইল্ড কেয়ার বা ডে ক্যাম্পে ফিরে যাওয়া উচিত নয়।
    - যদি পিতা/অভিভাবকে - যিনি শিশু/ক্যাম্পারের মত একই পরিবারের সদস্য - একটি সতর্কতামূলক ব্যবস্থা হিসেবে কোয়ারান্টিন করা হয়, কোন উপসর্গ বা ইতিবাচক পরীক্ষা ছাড়াই, তাহলে চাইল্ড কেয়ার বা ডে ক্যাম্পের কর্মীদের প্রাঙ্গনের বাইরে, অথবা সীমানা পর্যন্ত হেঁটে শিশু/ক্যাম্পারকে পিতামাতা/অভিভাবকের কাছে এগিয়ে দেওয়া উচিৎ। "যোগাযোগের একটি যোগাযোগ" হিসেবে, শিশু/ক্যাম্পার কোয়ারান্টিন চলাকালীন সময়ে চাইল্ড কেয়ার বা ডে ক্যাম্পে ফিরে যেতে পারে।
    - যদি কোন শিশু/ক্যাম্পার বা তাদের পরিবারের সদস্য COVID-19 উপসর্গ প্রদর্শন করেন এবং/অথবা COVID-19 এর পরীক্ষায় ইতিবাচক ফল লাভ করেন, তাহলে শিশুটিকে অবশ্যই কোয়ারান্টিন করতে হবে এবং কোয়ারান্টিন সম্পন্ন না হওয়া পর্যন্ত চাইল্ড কেয়ার বা ডে ক্যাম্প প্রোগ্রামে ফিরতে বা যোগ দিতে পারবে না।

B. শনাক্ত এবং খুঁজে বের করা

- দায়বদ্ধ পক্ষগুলিকে অবশ্যই তাদের সাইটে কোনো কর্মচারীর বা শিশু/ক্যাম্পারের COVID-19 পরীক্ষায় ইতিবাচক ফলাফল হয়েছে বলে জানতে পারলে অবিলম্বে রাজ্য এবং স্থানীয় স্বাস্থ্য বিভাগকে সেই সম্পর্কে অবহিত করতে হবে।
- দায়বদ্ধ পক্ষগুলোকে অবশ্যই একজন সাইট নিরাপত্তা মনিটর মনোনীত করতে হবে যার দায়িত্বের মধ্যে রয়েছে সাইটের নিরাপত্তা পরিকল্পনার সকল দিক মেনে চলা।
- একজন কর্মী, পিতামাতা/অভিভাবক, অথবা শিশু/ক্যাম্পারের পরীক্ষায় ইতিবাচক ফলাফলের ক্ষেত্রে, দায়বদ্ধ পক্ষগুলোকে অবশ্যই কর্মক্ষেত্রে সমস্ত যোগাযোগ শনাক্তকরণের জন্য রাজ্য এবং স্থানীয় স্বাস্থ্য বিভাগের সাথে সহায়তা করতে হবে, এবং যেখানে সাইটটি অবস্থিত সেখানের স্থানীয় স্বাস্থ্য বিভাগকে অবশ্যই সেই কর্মী, পিতামাতা/অভিভাবক, অথবা শিশু/ক্যাম্পারের COVID-19 উপসর্গ দেখা দেওয়ার বা ইতিবাচক পরিক্ষণের 48

ঘন্টা আগে পর্যন্ত, যেটা আগে হয়, সাইটে প্রবেশ করা সকল ব্যক্তি সম্পর্কে জানাতে হবে। যুক্তরাষ্ট্রীয় এবং রাজ্যের আইন এবং নিয়মকানুন অনুযায়ী অবশ্যই গোপনীয়তা বজায় রাখতে হবে।

- রাজ্য এবং স্থানীয় স্বাস্থ্য বিভাগগুলি, তাদের আইনি কর্তৃত্বের অধীনে, সংক্রমন সহ বা সংক্রমণের সংস্পর্শে আসা ব্যক্তিদের পর্যবেক্ষন এবং যাতায়াতের উপর সীমাবদ্ধতা বাস্তবায়ন করতে পারে, যার মধ্যে বাড়িতে আইসোলেশান বা কোয়ারান্টাইন অন্তর্ভুক্ত।
- যে সকল ব্যক্তিকে সতর্ক করা হয়েছে যে তারা COVID-19 আক্রান্ত ব্যক্তির নিকট বা ঘনিষ্ঠ সংস্পর্শে এসেছেন, এবং যাদের ট্রেসিং, ট্র্যাকিং বা অন্যান্য পদ্ধতির মাধ্যমে সতর্ক করা হয়েছে, তাদের সতর্ক বার্তা পাওয়ার সময় নিজে থেকে চাইল্ড কেয়ার বা ডে ক্যাম্পে রিপোর্ট করতে হবে এবং উপরে উল্লিখিত প্রোটোকল অনুসরণ করতে হবে।

IV. নিয়োগকর্তার পরিকল্পনাসমূহ

দায়বদ্ধ পক্ষগুলিকে সহজেই চোখে পরে এমন স্থানে অবশ্যই কর্মীদের জন্য সাইটে সম্পূর্ণ করা নিরাপত্তার পরিকল্পনা পোস্ট করতে হবে। COVID-19 বিস্তার থেকে রক্ষা করতে ব্যবসার মালিক এবং পরিচালকদের উন্নত পরিকল্পনা উন্নয়নে গাইড করার জন্য রাজ্য একটি ব্যবসা পুনরায় খোলার নিরাপত্তা পরিকল্পনার টেমপ্লেট উপলব্ধ করেছে।

অতিরিক্ত নিরাপত্তা তথ্য, নির্দেশিকা এবং সম্পদ পাওয়া যাবে এখানে:

নিউ ইয়র্ক স্টেট স্বাস্থ্য দপ্তরের নভেল করোনাভাইরাসের (COVID-19) ওয়েবসাইট (New York State Department of Health Novel Coronavirus (COVID-19) Website)
https://coronavirus.health.ny.gov/

মার্কিন যুক্তরাষ্ট্রের রোগ নিয়ন্ত্রণ ও প্রতিরোধ করোভাইরাস (COVID-19) ওয়েবসাইট
https://www.cdc.gov/coronavirus/2019-ncov/index.html

পেশাগত নিরাপত্তা এবং স্বাস্থ্য প্রশাসন COVID-19 ওয়েবসাইট
https://www.osha.gov/SLTC/covid-19/

নিচের লিঙ্কে, নিশ্চিত করুন যে আপনি এই নির্দেশিকা অনুযায়ী কাজ করার বাধ্যবাধকতা পড়েছেন এবং বুঝতে পারছেন:

https://forms.ny.gov/s3/ny-forward-affirmation